

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

## অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হানীয় সরকার, পক্ষী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
হানীয় সরকার বিভাগ  
(পৌর শাখা-৩)

### প্রজ্ঞাপন

তারিখ, ৮ই এপ্রিল, ২০০১/২৫শে চৈত্র, ১৪০৭

এস, আর, ও নং ৮২-আইন/২০০১—যেহেতু সরকার অতি বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩৪৯-আইন/২০০০, তারিখ ১৩ই অগ্রহায়ণ, ১৪০৭ বাং মোতাবেক ২৭শে নভেম্বর, ২০০০ ইং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাসমূহ সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অঙ্গপর উক্ত Rules বলিয়া উন্নিয়িত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিচেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার বগুড়া জেলার সোনাতলা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৩ই বৈশাখ, ১৪০৮ বাং মোতাবেক ২৬ শে এপ্রিল, ২০০১ ইং তারিখ হইতে (উক্ত তারিখসহ) মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে। এই মিউনিসিপ্যালিটি সোনাতলা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(১২৭৭)

মূল্য ৫ টাকা ১.০০

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	সোনাতলা	আগুনিয়াতাইড়	১৯	০১—২২৬৮
(২)	ঐ	চমরগাছা	১৮	০১—১১৭৯
(৩)	ঐ	গোপাইশাহবাজপুর	২০	০১—৫৮৬
(৪)	ঐ	কাবিলপুর	২৬	১৯—১৮৯,৬৭৪—৬৭৯
(৫)	ঐ	গড়ফতেপুর	২৫	০১—৭১৩
(৬)	ঐ	গড়চেতন্যপুর	২৪	০১—২৮,৩৩৭—৫০৫
(৭)	ঐ	কামারপাড়া	২৭	০১—১৮৫৭
(৮)	ঐ	বিশুরপাড়া	২১	০১—৩৮৮
(৯)	বালুয়া	কানুপুর	১৭	০১—১০৪২
(১০)	ঐ	আগাবড়গাছা	০৩	০১—১২৮৬
(১১)	ঐ	বাগবাড়ী	০১	০১—১৬৫৮
(১২)	ঐ	দীঘিরপাগা	০২	০১—৪৪৩
(১৩)	ঐ	গাবাড়পাড়া	০৮	০১—৫৪৭

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান  
উপ-সচিব (পৌর)।